আমিষেই শক্তি
আমিষেই মুক্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
www.mofl.gov.bd




নং-৩৩.০০.০০০০.০০০.১০৮.০৬.০০২৯.১৯. ৮৩৬

তারিখ : ১২ শ্রাবণ ১৪৩৩ / ২৭ জুলাই ২০২৬

## অফিস আদেশ

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য যথাযথ ও মানসম্মত পণ্য/সেবা ক্রয়ের নিমিত্ত Public Procurement Act-২০০৬, Public Procurement Rules-২০২৫ এবং ইজিপি গাইডলাইন (সংশোধিত) ২০২৫ এর আলোকে ক্রয় সংক্রান্ত বিভিন্ন কমিটি নিম্নবর্ণিতভাবে পুনর্গঠন করা যেতে পারে-

### ক) বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি

| | | |
|---|---|---|
| ১. | উপসচিব (প্রশাসন-১ শাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | সিনিয়র সহকারী সচিব (আইন শাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | সহকারী প্রোগ্রামার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য-সচিব |

**কার্যপরিধি**: কমিটি পিপিআর, ২০২৫ অনুসরণপূর্বক ক্রয়তব্য পণ্য/সেবার বিনির্দেশ এবং দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় প্রস্তুতপূর্বক প্রতিবেদন দাখিল করবে।

### খ) দরপত্র মূল্যায়ন কমিটি (OTM)

| | | |
|---|---|---|
| ১. | যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ/অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | বস্ত্র ও পাট মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ৩. | সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য-সচিব |

**কার্যপরিধি**: ক) কমিটি পিপিআর, ২০২৫ অনুসরণপূর্বক দরপত্র মূল্যায়ন করবে এবং সে অনুযায়ী প্রতিবেদন দাখিল করবে।
খ) নেগোসিয়েশনের আবশ্যকতা থাকলে কমিটি দরপত্র প্রস্তাবের কারিগরি ও দর বিষয়ে দরদাতার সাথে নেগোসিয়েশন করবে।

### গ) দরপত্র মূল্যায়ন কমিটি (RFQ)

| | | |
|---|---|---|
| ১. | যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ/অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | নৌপরিবহন মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ৩. | সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২ শাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য-সচিব |

**কার্যপরিধি**: ক) কমিটি পিপিআর, ২০২৫ অনুসরণপূর্বক দরপত্র মূল্যায়ন করবে এবং সে অনুযায়ী প্রতিবেদন দাখিল করবে।
খ) নেগোসিয়েশনের আবশ্যকতা থাকলে কমিটি দরপত্র প্রস্তাবের কারিগরি ও দর বিষয়ে দরদাতার সাথে নেগোসিয়েশন করবে।

### ঘ) কারিগরি সাব-কমিটি

| | | |
|---|---|---|
| ১. | উপসচিব (মৎস্য পরিকল্পনা-২ শাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | উপসচিব (প্রাণিসম্পদ-৩ শাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | প্রোগ্রামার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য-সচিব |

**কার্যপরিধি**: কমিটি পিপিআর, ২০২৫ অনুসরণপূর্বক দরপত্র ও প্রস্তাব মূল্যায়নের কারিগরি মতামত (কারিগরি সহায়তা) প্রদান করবে।

ঙ) কারিগরি পরীক্ষণ ও গ্রহণ কমিটি (আসবাবপত্র, অন্যান্য মনিহারি দ্রব্যাদি, দাপ্তরিক পোষাক ও আনুষঙ্গিক দ্রব্যাদি ইত্যাদি ক্রয়ের ক্ষেত্রে)

| | | |
|---|---|---|
| ১. | যুগ্মসচিব/উপসচিব (প্রশাসন-৩ শাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | উপসচিব (প্রশাসন-১ শাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২ শাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য-সচিব |

**কার্যপরিধি**: কমিটি পিপিআর, ২০২৫ অনুসরণপূর্বক কার্যাদেশে বর্ণিত স্পেসিফিকেশন অনুযায়ী সরবরাহকৃত মালামালের সঠিকতা যাচাই করে যথাযথ হলে গ্রহণপূর্বক এবং ভিন্নরূপ হলে গ্রহণ ব্যতিরেকে প্রতিবেদন দাখিল করবে।

চ) কারিগরি পরীক্ষণ ও গ্রহণ কমিটি (কম্পিউটার ও আনুষঙ্গিক পণ্য, কম্পিউটার সামগ্রী, আইসিটি সরঞ্জামাদি, অফিস সরঞ্জামাদি (মেশিনারিজ), বৈদ্যুতিক সরঞ্জামাদি ইত্যাদি ক্রয়ের ক্ষেত্রে)

| | | |
|---|---|---|
| ১. | যুগ্মসচিব/উপসচিব (প্রশাসন-৩ শাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | উপসচিব (প্রশাসন-১ শাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | সহকারী প্রোগ্রামার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য-সচিব |

**কার্যপরিধি**: কমিটি পিপিআর, ২০২৫ অনুসরণপূর্বক কার্যাদেশে বর্ণিত স্পেসিফিকেশন অনুযায়ী সরবরাহকৃত মালামালের সঠিকতা যাচাই করে যথাযথ হলে গ্রহণপূর্বক এবং ভিন্নরূপ হলে গ্রহণ ব্যতিরেকে প্রতিবেদন দাখিল করবে।

০২। তবে শর্ত থাকে যে, বর্ণিত কমিটিসমূহের সদস্যের অন্যত্র বদলি/পদায়ন হলে তদস্থলে পদায়নকৃত কর্মকর্তাগণ স্বয়ংক্রিয়ভাবে উক্ত কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হবেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই আদেশ জারি করা হলো। একইসাথে গত ০৬.০৮.২০২৫ তারিখের ৭৪৫ নং স্মারক এবং ০৬.১১.২০২৫ তারিখের ১১৪২ নং স্মারকে জারিকৃত কমিটি গঠনের আদেশসমূহ এতদ্বারা বাতিল করা হলো।

(সৈয়দা সাদিয়া নূরীয়া)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ২২৩৩৮১১১৭
ই-মেইল: administration-2@mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.০০০.১০৮.০৬.০০২৯.১৯. ৮৫৩

তারিখ : ১২ শ্রাবণ ১৪৩৩ / ২৭ জুলাই ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সংশ্লিষ্ট কমিটিতে একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়ন প্রদানের অনুরোধসহ)।
২. সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সংশ্লিষ্ট কমিটিতে একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়ন প্রদানের অনুরোধসহ)।
৩. যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ/অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. উপসচিব (মৎস্য পরিকল্পনা-২ শাখা/প্রশাসন-১ শাখা/ প্রাণিসম্পদ-৩ শাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২ শাখা/আইন শাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. প্রোগ্রামার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সহকারী প্রোগ্রামার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. অফিস কপি/মাস্টার ফাইল।

২৭/৭/২৬
(সৈয়দা সাদিয়া নূরীয়া)
সিনিয়র সহকারী সচিব